

জাপান এয়ারলাইনসের সঙ্গে কোডশেয়ার চুক্তি ইন্ডিগোর

- A Monitor Desk Report

Date: 08 June, 2024



গুরুগাঁও, ভারত: ভারতের শীর্ষ এয়ারলাইনস সংস্থা ইন্ডিগো ও জাপান এয়ারলাইনস সম্প্রতি কোডশেয়ারের চুক্তিতে স্বাক্ষর করেছে। এ চুক্তির ফলে এয়ারলাইনস দুটি পরস্পরের ফ্লাইট টিকিট বিক্রি করতে পারবে। আগামী অক্টোবর থেকে এ কোডশেয়ার ফ্লাইট শুরু হবে।

কোডশেয়ার হলো এমন একটি ব্যবস্থা যার মাধ্যমে দুই বা ততোধিক এয়ারলাইনস সংস্থা একক টিকিট ব্যবহারের সুযোগ দেয়। এতে একই ফ্লাইট নম্বর ব্যবহারেও সম্মত হয় কোম্পানিগুলো।

কভিড-১৯ মহামারীর পর এটিই জাপান এয়ারলাইনসের প্রথম কোনো আন্তর্জাতিক অংশীদারত্ব চুক্তি। এ চুক্তি প্রাথমিকভাবে দুটি আন্তর্জাতিক রুটে কার্যকর হবে বলে জানা গেছে। একটি রুট টোকিওর হানোদা এয়ারপোর্ট থেকে দিল্লি পর্যন্ত এবং অন্যটি নারিতা এয়ারপোর্ট থেকে বেঙ্গালুরু পর্যন্ত বিস্তৃত। তবে ভারতের অভ্যন্তরীণ রুটগুলো এখনো ইন্ডিগোর নেটওয়ার্কের পক্ষ থেকে নির্বাচন করা হয়নি।

এর আগে জাপান এয়ারলাইনসের ভারতে কোডশেয়ার অংশীদার ছিল ভিস্তারা। কিন্তু কোম্পানিটি ২০১৯ সালে এয়ার ইন্ডিয়ার সঙ্গে একীভূতকরণ চুক্তিতে যায়। এর পর থেকেই জাপান এয়ারলাইনস ভারতে নতুন অংশীদার খুঁজে আসছিল।

ইন্ডিগো ২০০৬ সালে বাজেট এয়ারলাইনস হিসেবে কার্যক্রম শুরু করে। বর্তমানে এয়ারলাইনসটি দৈনিক দুই হাজারেরও বেশি ফ্লাইট পরিচালনা করছে। ভারতের মধ্যে ৮০টিরও বেশি গন্তব্যে ও ৩০টিরও বেশি আন্তর্জাতিক শহরের সঙ্গে এর ফ্লাইট রয়েছে।

ভারতের ডিরেক্টরেট জেনারেল অব সিভিল অ্যাভিয়েশনের তথ্যানুসারে, গত বছর ভারতের অভ্যন্তরীণ রুটে ৬০ দশমিক ৫ শতাংশ যাত্রী নিয়ে প্রথম অবস্থানে ছিল ইন্ডিগো এয়ারলাইনস। অন্যদিকে ৯ দশমিক ৭ শতাংশ যাত্রী নিয়ে দ্বিতীয় অবস্থানে রয়েছে এয়ার ইন্ডিয়া, ৯ দশমিক ১ শতাংশ যাত্রী নিয়ে ভিস্তারা আছে তৃতীয় অবস্থানে।

ইন্ডিগো এয়ারলাইনস প্রবৃদ্ধির বাড়ানোর প্রচেষ্টার অংশ হিসেবে গত বছর ৫০০টি নতুন এয়ারবাস এ৩২০ উড্ডোজাহাজের ক্রয়াদেশ দেয়।

এছাড়া চলতি বছর বিজনেস ক্লাসের পরিষেবা চালুর পরিকল্পনাও রয়েছে অ্যাভিয়েশন পরিষেবা দেয়া সংস্থাটির।

এদিকে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) পূর্বাভাস অনুযায়ী, ২০২৪ সালে ভারতের অর্থনীতি ৬ দশমিক ৮ শতাংশ হারে সম্প্রসারিত হবে, যা চীনের ৪ দশমিক ৬ শতাংশ ও যুক্তরাষ্ট্রের ২ দশমিক ৭ শতাংশের চেয়ে বেশি। এটি ভারতকে দ্রুততম ক্রমবর্ধমান প্রধান অর্থনীতিতে পরিণত করবে।

আইএমএফ আরো পূর্বাভাস করেছে, ২০২৫ সাল নাগাদ জাপানকে ছাড়িয়ে বিশ্বের চতুর্থ বৃহত্তম অর্থনীতিতে পরিণত হবে ভারত। চীন ও যুক্তরাষ্ট্রের পর ভারত বর্তমানে বিশ্বের তৃতীয় বৃহত্তম অ্যাভিয়েশন বাজার। গত বছর ভারতীয় উড়োজাহাজের যাত্রীর পরিমাণ এক-পঞ্চমাংশ বেড়ে প্রায় ১৫ কোটিতে পৌঁছেছে।

-B